



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪- ০৩৪

তারিখঃ ০১/২/২০১৭ খ্রি:।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা :-----,  
জেলা :-----।

বিষয়ঃ কর্মকর্তা/কর্মচারীদের স্থগিতকৃত বেতনভাতা হিসাবভুক্ত করা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতা কোন অংশ স্থগিত করা হলে উক্ত স্থগিত পরিমাণ অর্থ তার মোট বেতন ভাতা হতে কর্তন করে অবশিষ্ট অর্থ বেতন-ভাতা বাবদ পরিশোধিত হবে। এই ক্ষেত্রে হিসাব প্রক্রিয়াকরণের জন্য নিম্নোক্ত নিয়ম অনুসরণ করতে হবেঃ

কোন কর্মকর্তা/কর্মচারীর যে কোন পরিমাণ অর্থই স্থগিত করা হোক না কেন হিসাব ভুক্ত করার ক্ষেত্রে অবশ্যই তার বিপরীতে মোট বেতন ভাতার সমপরিমাণ অর্থ উক্ত খাত হতে ব্যয় হবে। এই ক্ষেত্রে একটি পেমেন্ট ভাউচারের মাধ্যমে উক্ত কর্মকর্তা/কর্মচারীকে স্থগিতকৃত বেতনভাতা ব্যতিরেকে অবশিষ্ট অর্থ পরিশোধযোগ্য হবে এবং স্থগিতকৃত বেতন-ভাতার অর্থ জার্নাল ভাউচারের মাধ্যমে Postponed Salary Payable (Code-891) (ফেরতযোগ্য স্থগিতকৃত বেতনভাতা) খাতে হিসাবভুক্ত করতে হবে; যা পরবর্তীতে প্রয়োজনে এ খাত হতে কতৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে ১টি পেমেন্ট ভাউচারের মাধ্যমে পরিশোধিত হবে। বিস্তারিতভাবে জানার জন্য ১টি নমুনা/উদাহরণ সংযুক্ত করা হয়েছে।

২। ইতোপূর্বে কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা বাবদ স্থগিতকৃত কোন অর্থ রক্ষিত থাকলে তা কর্মকর্তা/কর্মচারীদের পৃথক তালিকা করে ১টি জার্নাল ভাউচার এর মাধ্যমে Postponed Salary Payable (Code-891) (ফেরতযোগ্য স্থগিতকৃত বেতনভাতা) হিসেবে তা স্থানান্তর/হিসাবভুক্ত করতে হবে।

এমতাবস্থায় উপরোক্ত নির্দেশনা মোতাবেক কর্মকর্তা/কর্মচারীদের স্থগিতকৃত বেতনভাতা হিসাবভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
প্রকৌশলী মোহাম্মদ মাসুদ আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :----- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

## নমুনা/উদাহরণ

একজন কর্মকর্তা যার নাম জনাব 'ক' এর মাসিক বেতনভাতার পরিমাণ = ২৬,৭০০.০০ (ছাব্বিশ হাজার সাতশত) টাকা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী তাকে বেতনভাতার ২০% স্থগিত করা হয়েছে। এই ক্ষেত্রে তার স্থগিতকৃত বেতন ভাতার পরিমাণ হবে  $২৬৭০০ * ২০\% = ৫,৩৪০.০০$  টাকা।

অতএব তার পরিশোধযোগ্য মাসিক বেতনভাতার পরিমাণ হবে =  $(২৬৭০০ - ৫৩৪০) = ২১,৩৬০.০০$  টাকা।

হিসাবভুক্ত করার ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করতে হবেঃ

১। বেতনভাতা (কর্মকর্তা) খাতের বিপরীতে সর্বমোট ২৬,৭০০.০০ টাকা ০১টি পেমেন্ট ভাউচার ও ১টি জার্নাল ভাউচার সফটওয়্যারে নিম্নোক্তভাবে হিসাবভুক্ত করতে হবে :

ডেবিট	=	Salary Officer	=	২১,৩৬০.০০ টাকা
ক্রেডিট	=	Bank	=	২১,৩৬০.০০ টাকা

স্থগিতকৃত বেতনভাতা বাবদ ৫,৩৪০.০০ জার্নাল ভাউচার এর মাধ্যমে নিম্নোক্তভাবে হিসাবভুক্ত করতে হবে :

ডেবিট	=	Salary Officer	=	৫,৩৪০.০০ টাকা
ক্রেডিট	=	Postponed Salary Payable (Code-891)	=	৫,৩৪০.০০ টাকা


২। স্থগিতকৃত বেতনভাতা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করতে হবে। এই ক্ষেত্রে শুধুমাত্র একটি পেমেন্ট ভাউচার হবে। হিসাব শিরোনাম হবে Postponed Salary Payable :

ডেবিট	=	Postponed Salary Payable (Code-891)	=	৫,৩৪০.০০ টাকা
ক্রেডিট	=	Bank	=	৫,৩৪০.০০ টাকা

## পূর্বের স্থগিতকৃত বেতনভাতার অর্থ হিসাবভুক্তকরণ

পূর্বের স্থগিতকৃত বেতনভাতার অর্থ রক্ষিত থাকলে তা জার্নাল ভাউচারের মাধ্যমে Postponed Salary Payable (Code-891) (ফেরতযোগ্য স্থগিতকৃত বেতনভাতা) নিম্নোক্তভাবে স্থানান্তর করতে হবে :

ডেবিট	=	Salary Officer/Staff	=	..... টাকা
ক্রেডিট	=	Postponed Salary Payable (Code-891)	=	..... টাকা

  
প্রকল্প পরিচালক (IRESPPW)  
বিআরডিবি, ঢাকা